

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. প্রথম অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

بَابُ صَلَاةِ الْخُسُوْف

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: انْكَسَفَتِ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ مَاتَ إِبْرَاهِيمُ ابْنُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى بِالنَّاسِ سِتَّ رَكَعَاتٍ بِأَرْبَعِ سَجَدَاتٍ. رَوَاهُ مُسلم

বাংলা

১৪৮৫-[৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশায় যেদিন তাঁর ছেলে ইব্রাহীমের ইন্তিকাল হলো এদিন সূর্যগ্রহণ হলো। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনগণকে নিয়ে 'ছয় রুকু' ও চার সাজদায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করালেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৯০৪, ইরওয়া ৬৫৬, ৬৫৯।

ব্যাখ্যা



(بِأَرْبَعِ سَجَدَاتِ) চার সিজদা (সিজদা/সেজদা) তথা দু' রাক্'আতে। সুতরাং প্রতি রাক্'আতে তিন রুকূ' ও দু' সিজদা (সিজদা/সেজদা)। ত্বীবী বলেন, তিনি দু' রাক্'আত আদায় করেছেন প্রতি রাক্'আতে তিনটি করে রুকূ' ছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন